

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-১
www.lawjusticediv.gov.bd

নং-১০.০০.০০০০.১২৫.৯৯.০০২.১৯.৭৫


তারিখঃ ২৫ মাঘ ১৪২৭ বঙ্গাব্দ
০৮ ফেব্রুয়ারি ২০২১ খ্রিস্টাব্দ

বিষয়ঃ ইউনিয়ন পরিষদের সাধারণ/উপনির্বাচন উপলক্ষে জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট নিয়োগের উদ্দেশ্যে মনোনয়ন প্রসঙ্গে।

সূত্রঃ (১) স্মারক নং ১ই-৫১/২০০২ (অংশ-৬)-৮০৪ জে, তারিখঃ ০৭/০২/২০২১ খ্রিঃ, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
(২) নং ১৭.০০.০০০০.০৪৫.৪১.০০১.১৮-১২, তারিখঃ ২০/০১/২০২১ খ্রিঃ, বাংলাদেশ নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে আগামী ২৮ ফেব্রুয়ারি ২০২১ খ্রিঃ তারিখ রবিবার চাঁদপুর জেলার সদর উপজেলার লক্ষ্মীপুর মডেল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, সংরক্ষিত ওয়ার্ডের সদস্য ও সাধারণ ওয়ার্ডের সদস্য পদে সাধারণ নির্বাচন এবং পটুয়াখালী জেলার কলাপাড়া ডালবুগঞ্জ ইউনিয়ন ও ফরিদপুর জেলার সদর উপজেলার গেরদা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান এর শূন্য পদে উপনির্বাচন উপলক্ষে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ৮৬ এ বিধি ৭২, ৭৪, ৭৫, ৭৬, বিধি ৭৭ এর উপ-বিধি (১) এবং বিধি ৭৮ এর অধীন নির্বাচনী অপরাধসমূহ The Code of Criminal Procedure, 1898 (Act No V of 1898) এর section 190 এর sub-section (1) এর অধীনে আমলে নেয়া ও সংশ্লিষ্ট পদ্ধতিতে বিচারের জন্য প্রথম শ্রেণির ম্যাজিস্ট্রেটের ক্ষমতা সম্পন্ন জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট নিয়োগ করা আবশ্যিক বিধায় উল্লিখিত অপরাধসমূহ আমলে নেয়া ও সংশ্লিষ্ট বিচার সম্পন্নর জন্য নিম্ন ছকে উল্লিখিত ইউনিয়ন পরিষদের নির্বাচন উপলক্ষে ভোট গ্রহণের পূর্বের দুইদিন, ভোট গ্রহণের দিন ও ভোট গ্রহণের পরের দুইদিন অর্থাৎ আগামী আগামী ২৬/০২/২০২১ খ্রিঃ হতে ০২/০৩/২০২১ খ্রিঃ তারিখ পর্যন্ত মোট ০৫ (পাঁচ) দিনের জন্য ০৩ (তিন) জন প্রথম শ্রেণির ম্যাজিস্ট্রেটের ক্ষমতাসম্পন্ন জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট হিসেবে নিয়োগের উদ্দেশ্যে বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে নিম্নবর্ণিত বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসের কর্মকর্তাগণকে নিম্নরূপে মনোনয়ন প্রদান করা হলোঃ

নং	জেলা	উপজেলা	ইউনিয়ন পরিষদ	ম্যাজিস্ট্রেট সংখ্যা	কর্মকর্তার নাম, পদবি ও কর্মস্থল
সাধারণ নির্বাচন					
১.	চাঁদপুর	সদর	লক্ষ্মীপুর মডেল	০১	জনাব মোহাম্মদ কফিল উদ্দিন, সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, চাঁদপুর
উপনির্বাচন					
২.	পটুয়াখালী	কলাপাড়া	ডালবুগঞ্জ	০১	জনাব শোভন শাহরিয়ার, জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, কলাপাড়া, পটুয়াখালী
৩.	ফরিদপুর	সদর	গেরদা	০১	জনাব অরুণ কুমার বসাক, সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, ফরিদপুর
				মোটঃ	০৩টি
					০৩ (তিন) জন


(মোহাম্মদ রহমত আলী)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৫৪৩১।

সিনিয়র সচিব

বাংলাদেশ নির্বাচন কমিশন সচিবালয়
নির্বাচন ভবন, আগারগাঁও, ঢাকা।
[দৃঃ আঃ উপসচিব (আইন)]।

সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
- ২। জেলা ও দায়রা জজ,
- ৩। চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট,
- ৪। মাননীয় মন্ত্রী একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ৫। সচিবের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ৬। জনাব.....।
- ৭। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৮। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা,
- ৯। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা,
- ১০। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ১১। গার্ড ফাইল।
- ১২। অফিস কপি।